



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়, সারিয়াকান্দি, বগুড়া।  
**সিটিজেন চার্টার**

উপজেলা হিসাবরক্ষণ অফিসের কার্যাবলীঃ

- নিরীক্ষাধীন অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বেতন/ভাতার বিল ইএফটির মাধ্যমে পরিশোধ, বেতন নির্ধারণ ও ছুটির হিসাব সংরক্ষণ।
- সম্মানিত পেনশনারদের মাসিক পেনশন ইএফটির মাধ্যমে পরিশোধ।
- নিরীক্ষাধীন অফিসসমূহের সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ এবং অন্যান্য খাতের বিল পাশ।
- কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ অগ্রিম/চূড়ান্ত পরিশোধ, বিভিন্ন ঋণ ও অগ্রিম, পেনশন ও আনুতোষিক পরিশোধ।
- সংশ্লিষ্ট সিএএফও অফিসের অধরিটির ভিত্তিতে অনুদান ও প্রকল্পের ছাড়কৃত অর্ধের দাবী পরিশোধ।
- মন্ত্রণালয়ভিত্তিক প্রাপ্তি এবং অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের বিপরীতে ব্যয়ের হিসাব সংরক্ষণ এবং তার ভিত্তিতে মাসিক হিসাব প্রণয়ন।
- উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসের হিসাবের সাথে ইউএও অফিসের হিসাবের সঙ্গতিসাধন।
- সোনালী ব্যাংকের সাথে প্রাপ্তি ও পরিশোধের ব্যাংক রিকনসিলিয়েশন।
- সরকারি কোষাগারে জমাকৃত অর্ধের চালান ভেরিফিকেশন।
- সিভিল অডিট কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ।

উপজেলা হিসাবরক্ষণ অফিস সারিয়াকান্দি, বগুড়া কর্তৃক প্রদত্ত সেবা এবং সেবা প্রদানের সম্ভাব্য সময়সীমাঃ

ক্রঃ নং	সেবা	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের সময়সীমা
১	বেতন বিল নিষ্পত্তি (২৫ তারিখের মধ্যে অনলাইনে দাখিল সাপেক্ষে)	কর্মকর্তা/কর্মচারী	ইএফটি এর মাধ্যমে পরবর্তী মাসের ১ম কর্ম দিবসের মধ্যে
২	জিপিএফ অগ্রিম/চূড়ান্ত পরিশোধ, গৃহ নির্মাণসহ অন্যান্য অগ্রিম ও ভ্রমণ ভাতা বিল নিষ্পত্তি	কর্মকর্তা/কর্মচারী	প্রাপ্তির তারিখ হতে ০৩ কর্ম দিবসের মধ্যে
৩	জিপিএফ ব্যালেন্সসহ এলপিসি এবং পে-স্লিপ ইস্যু	কর্মকর্তা/কর্মচারী	০৭ কর্ম দিবসের মধ্যে
৪	সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ ইত্যাদি খাতসহ উন্নয়ন খাতের বিল নিষ্পত্তি	ডিডিও/ঠিকাদার	০৭ কর্ম দিবসের মধ্যে
৫	বেতন নির্ধারণ, সার্ভিস বহি ও পেনশন নিষ্পত্তি	কর্মকর্তা/কর্মচারী	১০ কর্ম দিবসের মধ্যে
৬	জিপিএফ একাউন্ট স্লিপ ইস্যু	কর্মকর্তা/কর্মচারী	iBAS++ সিস্টেম হতে ১ জুলাই হতে যে কোন সময়
৭	মাসিক পেনশন	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	ইএফটি এর মাধ্যমে পরবর্তী মাসের ১ম কর্ম দিবসে
৮	পেনশনারগণের লাইফ ভেরিফিকেশন	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	পেনশনারগণের উপস্থিতির সাথে সাথে

**প্রত্যাশিত সেবা নিশ্চিতকারী কর্মকর্তা :**

\* উপজেলা একাউন্টস অফিসার, সারিয়াকান্দি, বগুড়া, ফোনঃ ০২৫৮৮৮৭৭১৫৭, মোবাঃ ০১৩১৮-৩৮০৬৩৪

\* পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষ : ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, রাজশাহী।